



দয়া কিংবা করুণা নয়, কাজ এখন অধিকার



আপনি জানেন কি ?

মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান গ্যারান্টি কর্মসূচিতে

১. চাহিদার ভিত্তিতে প্রত্যেক পরিবার ১০০ দিনের অদক্ষ শ্রমের কাজ পাবে। প্রাপ্ত-বয়স্ক সমস্ত মহিলা ও পুরুষ
কাজ পেতে পারে।
২. কাজের আবেদন ৪ (ক) বা সাদা কাগজে নিজের নাম, জব কার্ড নং ও কত দিন কাজের চাহিদা লিখে গ্রাম
পঞ্চায়েতে, গ্রাম পঞ্চায়েত সদস্য / সদস্যাদের কাছে, প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে, অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, স্বনির্ভর
দলের কাছে ও তথ্য মিত্র কেন্দ্রে জমা দিতে হয়। আবেদনের জন্য ৪ (ক) গ্রাম পঞ্চায়েতে, গ্রাম পঞ্চায়েত
সদস্য / সদস্যাদের কাছে, প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ে, অঙ্গনওয়াড়ী কেন্দ্রে, স্বনির্ভর দলের কাছে ও তথ্য মিত্র
কেন্দ্রে বিনা মূল্যে পাওয়া যায়। প্রতিটি আবেদনের প্রাপ্তিষ্ঠিকার রসিদ সকলে আপনাকে দেবে।
৩. চাহিদানুসারে ১৫ দিনের মধ্যে আপনি অদক্ষ শ্রমিকের কাজ পাবেন।
৪. চাহিদানুসারে ১৫ দিনের মধ্যে অদক্ষ শ্রমিকের কাজ না পেলে, আপনি বেকারভাতা পাওয়ার যোগ্য।
বেকারভাতার জন্য আপনাকে প্রকল্প আধিকারিকের / গ্রাম পঞ্চায়েতের কাছে কাজের আবেদনের প্রাপ্তিষ্ঠিকার
রসিদসহ আবেদন করতে হবে।
৫. গ্রামের সর্বশেষের মানুষের সুপরামর্শ প্রকল্পের সুষ্ঠু রূপায়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তাই সংসদ সভা ও গ্রাম
সভায় দলে দলে যোগ দিন।

যোগাযোগ করুন : (সোম থেকে শুক্র সকাল ১০ টা - বিকেল ৫ টা)

১৮০০ - ৩৮৫ - ৩২১৫

(জলপাইগুড়ি জেলায় ১০০ দিনের কাজের একটি কর-মুক্ত টেলিফোন পরিসেবা)

সৌজন্যে : জেলা এমজি.এন.আর.ই.জি.এস. সেল, জলপাইগুড়ি